



ইনবক্স

সি নিউজের কাছে চাওয়া

বর্তমান সময়ের অন্যতম ক্রেজ হচ্ছে হল প্রযুক্তি। আর প্রযুক্তি বিষয়ক সবচেয়ে সমৃদ্ধ ম্যাগাজিন সি নিউজ। এর প্রতিটি সংখ্যাই যেন একেকটি তথ্য প্রযুক্তির অফুরন্ত ভাণ্ডার। গত ডিসেম্বর ২০০৯ সংখ্যাটি ছিল তেমনি বহুমুখী তথ্যে ভরপুর একটি সংখ্যা। ‘কম্পিউটার কিনবেন? কনফিগারেশন, দাম, ব্যবহারবিধিসহ জরুরি পরামর্শ’ এবং মাল্টিপিসি: এক পিসিতে তিনজন ব্যবহারকারী এই দুইটি লেখা অসাধারণ লেগেছে। বিশেষ করে কম্পিউটার মেমোরি, জানার আছে অনেক কিছু। এই লেখাটি ছিল অতি দরকারি তথ্যে ভরপুর। এ ধরনের লেখাগুলি পাঠকদের কম্পিউটার হার্ডওয়্যার সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে সাহায্য করে। তাই ধারাবাহিকভাবে প্রসেসর, মাদারবোর্ড, গ্রাফিক্সকার্ড, মনিটর, প্রিন্টার, স্ক্যানার, ইউপিএস, ডিভিডি রাইটার/রম, হার্ডডিস্ক ইত্যাদি বিষয়ে এ ধরনের লেখা আবশ্যিক। প্রোগ্রামিং সম্পর্কিত লেখাগুলিও মানসম্পন্ন। এই বিষয়ে আরো লেখা, টিউটোরিয়াল ও সফটওয়্যার পরিচিতি চাই। সি নিউজ হলো প্রয়োজনীয় ওপেন সোর্স সফটওয়্যারের একটি ভাণ্ডার। তবে মাঝে মাঝে বর্ণিত সফটওয়্যারের ডাউনলোড লিঙ্ক দেয়া হয় না। প্রতিটি সফটওয়্যারের ডাউনলোড লিঙ্ক দেয়া আবশ্যিক। সহজে ইন্টারনেট ব্যবহারের সুবিধার্থে মোবাইল ফোনের মাধ্যমে ইন্টারনেট ব্যবহার সম্পর্কিত একটি ফিচার চাই। সি নিউজের প্রতিটি সংখ্যা প্রাচুর্য খুবই সুন্দর হয়। সি নিউজের লোগোটি যদি আরো আধুনিক ও আকর্ষণীয় করা হয় তাহলে এর সৌন্দর্য আরো বহুগুণ বেড়ে যাবে। আশা করি কর্তৃপক্ষ বিষয়গুলো বিবেচনায় আনবেন।

মামুনুর রহমান, চৌধুরী হাট, হাটহাজারী, চট্টগ্রাম

ই-গভর্নেন্স ও আমরা

স্পষ্ট মনে নেই কবে, তবে বছর তিনেক হবে সি নিউজে ই-গভর্নেন্স-এর ওপর সুখপাঠ্য ও তথ্যমূলক একটি কাভার স্টেরি ছাপানো হয়েছিল। এরপর বহুদিন গেছে, সেটির আর কোনো ফলো আপ সি নিউজে দেখতে পাইনি। আমাদের দেশে ই-গভর্নেন্স কার্যক্রম কতদূর এগোলো (বা পিছলো!) সেটি জানার সুযোগও তাই হয়নি। ডিজিটাল বাংলাদেশ-এর স্বে-গান নিয়ে নতুন একটি সরকার ক্ষমতায় আসার এক বছর পার হয়ে গেল। ডিজিটাল বাংলাদেশ আর ই-গভর্নেন্স ওৎপ্রোতভাবে জড়িত বলেই আমাদের ক্ষুদ্রবৃদ্ধিতে মনে হয়। কিছুদিন আগে মাননীয় প্রধানমন্ত্রী তথ্য বাতায়ন নামে ৬৪টি জেলার একটি পোর্টাল উদ্বোধন করেছেন। যতদূর জানি, প্রতিটি জেলা এবং জেলাভিত্তিক প্রশাসনিক কার্যক্রম নিয়ে তথ্য দিয়ে সাজানো হয়েছে এই পোর্টাল। এটাকে ই-গভর্নেন্স বলাটা বাড়াবাড়ি হয়ে যাবে, তবে ই-গভর্নেন্স-এর পথে এক সূচনা বলা যায়। সি নিউজ-এর কাছে প্রত্যাশা, ‘ডিজিটাল বাংলাদেশ’-এর অন্যতম অনুষ্ঠ ই-গভর্নেন্স নিয়ে নিয়মিত তথ্যমূলক নিবন্ধ, সাক্ষাৎকার নিয়মিত সি নিউজ-এ ছাপা হবে। আমাদের নিরাশ করবেন না আশা করি।

জহিরুল ইসলাম মজুমদার (জনি), সেনপাড়া পর্বতা, মিরপুর, ঢাকা

যখন যেমন তখন তেমন

আমাদের স্বভাবই হচ্ছে - যখন যেমন তখন তেমন। যখন বিভিন্ন ‘দিবস’, ‘পক্ষ’, ‘বর্ষ’ ইত্যাদি আসে তখন আমরা বিভিন্ন বিষয়ে হুজুগে মাতি এবং স্বে-গান, চিৎকার চেষ্টামেচি, শপথ গ্রহণ, প্রতিশ্রুতি প্রদান ইত্যাদি নিয়ে ব্যস্ত হয়ে পড়ি। কিন্তু সেসব দিবস আর পক্ষ যখন চলে যায় তখন আবার যেই কে সেই। তথ্য প্রযুক্তির ব্যাপারেও মাঝে মাঝে এ ধরনের হুজুগে গা ভাসানোর একটা প্রবণতা কিন্তু আমাদের মধ্যে দেখা যায়। সবাই জানেন, বর্তমান বিশ্বে যেসব দেশ তথ্য প্রযুক্তিতে উন্নতি লাভ করতে পারবে তারাই পারবে ভবিষ্যতের দুনিয়ায় নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে। আমাদের দেশে মাঝে মাঝেই শূনি: অমুক হাজার কোটি টাকার ব্যবসা ধরতে হবে, অমুক হাজার কোটি টাকার সম্ভাবনাময় শিল্প ইত্যাদি জিকির। কিছুদিন কেটে গেলে সব কিন্তু আবার যেই কে সেই হয়ে যায়। মনে পড়ছে কল সেন্টার হুজুগের কথা। মনে হচ্ছিল সবাই বুঝি কল সেন্টার স্থাপন করে কোটি কোটি টাকা ঘরে আনা শুরু করবে। আজ আর সেসব বুলি শূনি না। সবাইকে তাই অনুরোধ: সব কিছুকেই হুজুগের বিষয় করে ফেলবেন না। আমাদের ‘যখন যেমন তখন তেমন’ স্বভাবটি ছেড়ে সুনির্দিষ্ট পরিকল্পনা নিয়ে এগোতে হবে। সময় কিন্তু চলে যাচ্ছে।

অমিত পাল, কেরাণীগঞ্জ, ঢাকা

Advertisers' INDEX

Index IT Ltd. *Exclusive Cover*
Samsung T monitors

Smart Technology *Front Inside*

Smart Technologis Ltd. *Back Cover*
Samsung Printers

Binary Logic *Back Inside*

Square Informatix 1

Alpha Technologies Ltd. 2

Computer Village 3

Green Power 4

Divine IT Ltd. 5

Oriental Services AV 6

Oriental Services AV 7

Businesslink Computers Ltd. 8

Businesslink Computers Ltd. 9

World Net 10

Bismillah Computer 11

Spy Security System 12

Inpace Management Services 29

Global Brand (Pvt.) Ltd. 30

Global Brand (Pvt.) Ltd. 31

Tech Domain 32

ComValley Ltd. (Poster) 33-34

Safe IT Services Ltd. 51

Businessland Ltd. 52

Businessland Ltd. 53

Comvalley Ltd. (G & G) 54

IT Bangla 55

IBCS Primax 61

Khan Jahan Ali Computers 71

Microplus 72

Comvalley Ltd. (BenQ) 73

74

TotalOfftec 75

BBIT 76

BASIS 77

StarHost 78

WIT Computer 99

Mizan Trade 103

UCC 104

UCC 105

Orange System 106

Superior 107

Computer City 108

UBS 109

Excel Technology 110